

# শিশুর মেধা বিকাশে শিশু একাডেমির নতুন উদ্যোগ প্রকাশ করবে ৫৫ শিশুতোষ গ্রন্থ

## সাংস্কৃতিক বার্তা পরিবেশক

দেশীয় ইতিহাস-ঐতিহ্যের আলোকে সাংস্কৃতিক চর্চার মাধ্যমে দেশের শিশু-কিশোরদের মেধা ও মনন বিকাশের জন্য নতুন পরিকল্পনা হাতে নিয়েছে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। এ লক্ষ্যে ২০১৫-২০১৬ অর্থবছরে দেশের প্রায় দুই লাখ কুড়ি হাজার (২,২০,০০০) শিশুর মেধা, মনন ও সাংস্কৃতিক বিকাশের কাজ করবে মন্ত্রণালয়টির অধিনের প্রতিষ্ঠান বাংলাদেশ শিশু একাডেমি। শিশুদের নিয়ে বছরজুড়ে নানা সাংস্কৃতিক কার্যক্রমের পাশাপাশি শিশুদের মনন বিকাশের প্রতিষ্ঠান বাংলাদেশ শিশু একাডেমি চলতি অর্থবছরে ৫৫টি শিশুতোষ গ্রন্থ প্রকাশ করবে। গতকাল সচিবালয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মন্ত্রণালয়ের অধিনের দফতরসমূহের মধ্যে আগামী ২০১৫-১৬ অর্থবছরের কি কি কার্যক্রম বাস্তবায়ন করা হবে এই বিষয়ে চুক্তি স্বাক্ষর হয়েছে। এই বার্ষিক কর্ম সম্পাদন চুক্তিতে

বাংলাদেশ শিশু একাডেমিও স্বাক্ষর করে। এই সময় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি, সচিব নাহিমা বেগম এনডিসি, মন্ত্রিপরিষদ বিভাগের সংস্কার ও সমন্বয় সচিব মো. নজরুল ইসলাম এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও মন্ত্রণালয় অধিনের দফতর প্রধানরা উপস্থিত ছিলেন। বার্ষিক এ চুক্তি সম্পাদন অনুষ্ঠানে প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেন, প্রতি বছরেই দেশের শিশুদের নিয়ে সাংস্কৃতিক নানা কর্মকাণ্ড শিশু একাডেমির মাধ্যমে পরিচালিত হয়। এবারও তার বাইরে নয়। এবার আমরা এই বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির মাধ্যমে নতুন কিছু চিন্তাভাবনায় কাজ শুরু করতে যাচ্ছি। সারাদেশের শিশুদের নিয়ে আমরা নানা বিষয়ে নানা কর্মপরিকল্পনা হাতে নিয়েছি। এর মধ্যে শিশুতোষ গ্রন্থ প্রকাশ একটি। শিশুতোষ বই প্রকাশের জন্য এবার আমরা একটি কমিটি গঠন করব, যারা শিশুতোষ বই বাছাই করে প্রকাশের জন্য অনুমোদন করবে। এখানে কে

নতুন : পৃষ্ঠা : ২ ক : ৬

## নতুন : উদ্যোগ (১৬ পৃষ্ঠার পর)

বই লিখল-শিশু না বুদ্ধ সেটা কোন বিষয় নয়। বইয়ের মান বিচারেই বই প্রকাশ হবে।

প্রতিমন্ত্রী আরও বলেন, বর্তমানে শিশুদের নিয়ে সরকার যেভাবে যে পদ্ধতিতে কাজ করছে। সেইসব কাজকে এই বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি আরও গতিশীল করবে। এই ফলে, আমাদের দেশে আমলাতান্ত্রিক জটিলতার যে ধারণা এখন বিদ্যমান আছে তা দূর হবে বলে আমার বিশ্বাস। জনগণের প্রতি দায়বদ্ধতা তৈরি হবে।

এবিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আবুল খায়ের জানান, বাংলাদেশ শিশু একাডেমী ২০১৫-১৬ অর্থ বছরে ৫৫টি শিশুতোষ গ্রন্থ প্রকাশ করবে। বড়দের পাশাপাশি শিশুদেরও বই প্রকাশ করবে। এছাড়াও বছর জুড়ে চলবে-নৃত্য, সংগীত, চিত্রাঙ্কন, লেখালেখি ও চলচ্চিত্র নির্মাণ বিষয়ে বিভিন্ন কর্মশালা। এসব কর্মশালায় দেশের প্রায় দুই লক্ষ কুড়ি হাজার জন শিশুর মনন, মেধা ও সাংস্কৃতিক বিকাশ হবে বলে আমরা আশাবাদি।